# ব্যবসায়ী হত্যাকান্ডে ব্যাবস্থা নেওয়ার পরেও দায় চাপিয়ে দেওয়া অপরাজনীতি:সালাহউদ্দিন



সালাউদ্দিন আহমেদ: সংগৃহীত ছবি

পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে ব্যবসায়ী মোহাম্মদ সোহাগকে পিটিয়ে ও পাথর মেরে হত্যার ঘটনায় অভিযুক্তদের দল থেকে আজীবন বহিষ্কার করেছে বিএনপি। একইসঙ্গে দলটির পক্ষ থেকে দাবি করা হয়েছে, এই ঘটনাকে কেন্দ্র করে বিএনপির ওপর দোষ চাপানো হচ্ছে—যা একটি 'নোংরা অপরাজনীতির অংশ'।

গতকাল শুক্রবার (১১ জুলাই) রাতে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ এক বিবৃতিতে বলেন, "মিটফোর্ডের ঘটনায় আমরা কঠোর ব্যবস্থা নিয়েছি। এরপরও বিএনপির ওপর দায় চাপানো হচ্ছে—এটা একটি বিচ্ছিন্ন ঘটনাকে কেন্দ্র করে নোংরা অপরাজনীতির চর্চা। বিএনপি বা এর অঙ্গ ও সহযোগী সংগঠন কখনোই অপরাধীদের আশ্রয়-প্রশ্রয় দেয় না, ভবিষ্যতেও দেবে না। এই বিষয়ে বিএনপির অবস্থান 'জিরো টলারেন্স'।"

তিনি অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণে সরকারের প্রতি আহ্বান জানান।

এদিকে, যুবদলের কেন্দ্রীয় সভাপতি আবদুল মোনায়েম মুন্না ও সাধারণ সম্পাদক নূরুল ইসলাম নয়নের যৌথ বিবৃতিতে জানানো হয়, এ ঘটনায় দায়ের হওয়া মামলার দুই আসামি—যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক সহ-জলবায়ু বিষয়ক সম্পাদক রজব আলী পিন্টু এবং ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের যুগ্ম আহ্বায়ক সাবাহ করিম লাকিকে দল থেকে আজীবন বহিষ্কার করা হয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়, আইন-শৃঙ্খলা বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণে সহায়তা করতে যুবদলের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে। বহিষ্কৃত নেতাদের কোনো কর্মকাণ্ডের দায়দায়িত্ব দল বহন করবে না বলেও স্পষ্ট করা হয়।

এছাড়া, যুবদলের সকল স্তরের নেতাকর্মীদের প্রতি নির্দেশনা দেওয়া হয়েছে—বহিষ্কৃতদের সঙ্গে যেন তারা কোনো সাংগঠনিক যোগাযোগ না রাখে।